দৈনিক জনকণ্ঠ

তারিখ 05 NOV 1998
পৃষ্ঠা ২ কলাম ২

৩১

# ইসলামী ভার্সিটি ॥ শিবিরের স্মারকলিপি ॥ ছাত্রলীগের ২৫ জনের বিরুদ্ধে মামলা

**ইসলামী ভার্সিটি সংবাদদাতা ॥** শনিবার ইসলামী বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সহিংস ঘটনায় দুই শিবির কর্মী নিহত হবার জের ধরে মঙ্গলবার বিশ্ববিদ্যালয় ও স্থানীয় ছাত্রশিবিরের দুই শতাধিক নেতা-কর্মী বেলা ১১টার দিকে উপাচার্য অফিস ঘেরাও করতে যায়। এ সময় ক্যাম্পাসে মোতায়েন তিন শতাধিক পুলিশের বাধার মুখে তাদের কেউই বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করতে পারেনি। এ সময় বিশ্ববিদ্যালয়ের প্রধান গেটে ভারপ্রাপ্ত প্রক্টর লোকমান হাকিম, ছাত্র উপদেষ্টা ডাঃ রেজাউল করিম ও আইন উপদেষ্টা উপস্থিত ছিলেন। পরে শিবিরের তিন নেতা কর্মীকে ভিতরে ঢুকতে দেয়া হলে তারা উপাচার্যের নিকট স্মারকলিপি পেশ করে। এদিকে ছাত্রশিবিরের পক্ষ থেকে ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি জহিরুল ইসলাম মিন্টন ও সেক্রেটারি আব্দুল হান্নানসহ অপর ২৫ জনকে আসামী করে মামলা দায়ের করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের শান্তিপূর্ণ পরিবেশ বিঘ্নকারী সন্ত্রাসীদের বহিষ্কারের দাবিতে ছাত্র ইউনিয়ন, ছাত্রমৈত্রী ও ছাত্রলীগসহ বেশ কয়েকটি সংগঠন বিবৃতি দিয়েছে।

এদিকে শনিবারের ঘটনায় ম্যাজিস্ট্রেট রেজাউল হককে লাঞ্ছিত করার অপরাধে এসআই শামসুল হুদাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। ভেড়ামারা থানা এএসপি গোলাম কিবরিয়াকে দায়িত্বে অবহেলার কারণে তার বিরুদ্ধে প্রশাসন কারণ দর্শানো নোটিস দিয়েছে। আলাপকালে ভারপ্রাপ্ত প্রক্টর লোকমান হাকিম জনকণ্ঠকে জানান, বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস সৃষ্টিকারী ব্যক্তি যেই হোক না কেন প্রশাসন তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেবে। তিনি আরও জানান, আগামী ১০ নবেম্বর হতে বিশ্ববিদ্যালয়ে আবার ক্লাস শুরু হবে।